দৈনিক ইত্তেফাক

তারিখ 27 DEC 1984
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

22/

36

# শিক্ষার কোন বিকল্প নাই

— রওশন এরশাদ

বাসস জানায়, ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ জাতীয় অগ্রগতির লক্ষ্যে সকলের মধ্যে শিক্ষার আলো ছড়াইয়া দেওয়ার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ

(১১শ পৃঃ দ্রঃ)

## রওশন এরশাদ

(১ম পৃঃ পর)

করেন। তিনি বলেন, শিক্ষার কোন বিকল্প নাই এবং ইহা হইল জাতির জন্য আশীর্বাদ।

ফার্স্ট লেডী গতকাল (মঙ্গলবার) ঢাকায় দেশের ৪টি বোর্ডের অধীনে অনুষ্ঠিত এই বছরের এইচ, এস,সি পরীক্ষায় মেধা তালিকায় উত্তীর্ণদের জন্য শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত এক সম্বর্ধনায় বক্তৃতা করেন।

বেগম এরশাদ বলেন, বর্তমান সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিয়াছেন এবং সেই লক্ষ্যে শিক্ষাখাতে চলতি অর্থ বছরে বরাদ্দ দেয়া হয়।

তিনি বলেন, ছাত্রদের পরীক্ষায় অসদুপায় অবলম্বন করা উচিত নয়। তিনি পরীক্ষার হলে নকলকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন। ক্যাম্পাসে সন্ত্রাস প্রসঙ্গে তিনি বলেন, শিক্ষার শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার স্বার্থে এই সন্ত্রাস বন্ধ করা উচিত।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র আরিফ হত্যার কথা উল্লেখ করিয়া ফার্স্ট লেডী বলেন, কোন বিবেকবান এই নৃশংসতা মানিয়া লইতে পারে না। আমরা আর কোনও আরিফকে হারাইতে চাই না।

তিনি ক্যাম্পাসে সন্ত্রাসের কারণ নির্ণয়ের উদ্দেশ্যে ব্যাপক তদন্ত করিয়া দ্রুত উহা বন্ধের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্বর্ধনায় শিক্ষা প্রতিমন্ত্রী আলহাজ্ব মোঃ মনসুর আলী সরকার, শিক্ষা সচিব হেদায়েত আহমদ এবং ঢাকা ও রাজশাহী শিক্ষা বোর্ডের ২ জন মেধাবী ছাত্র যথাক্রমে জিসান রহমান ও মাহজুবা উম্মে সালাম বক্তৃতা করেন।

পরে ফার্স্ট লেডী ৪ বোর্ডের মেধাবী ছাত্রদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।